1. The above unaudited financial results are reviewed by the Audit Committee and approved by the Board of Directors at its meeting held on August 02, 2024.  
2. The above is an extract of the detailed format of unaudited consolidated financial results for the quarter ended June 30, 2024 filed with the Stock Exchange under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the unaudited financial results (standalone and consolidated) are available on the Company's website at www.comfortfincap.com and on the website of the Stock Exchange where the Company's shares are listed i.e. at www.bseindia.com.  
3. The Company is operating in a single segment.  
4. The extract of the unaudited standalone financial results for the quarter ended June 30, 2024 of Comfort Fincap Limited is as under:

| (Rs. in Lakhs)                                                                                                                                                                                                                                                                                                                                                                                                              |                              |                        |                      |                        |                      |
|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|------------------------------|------------------------|----------------------|------------------------|----------------------|
| Sr. No.                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                     | Particulars                  | Quarter ended          |                      |                        | Year Ended           |
|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             |                              | 30.06.2024 (Unaudited) | 31.03.2024 (Audited) | 30.06.2023 (Unaudited) | 31.03.2024 (Audited) |
| 1                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                           | Total Income                 | 401.58                 | 358.24               | 342.54                 | 1395.95              |
| 2                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                           | Profit/(Loss) before tax     | 268.84                 | 129.99               | 205.22                 | 725.98               |
| 3                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                           | Profit/(Loss) for the period | 192.49                 | 73.47                | 149.75                 | 514.62               |
| 5. To comply with the requirement of Ind AS 19 Employee Benefits company has changed its accounting policy with respect to Defined Benefit Plan in the nature of Gratuity and has obtained the Actuarial Valuation report from Actuary. In accordance with Ind AS 8 - Accounting Policies, Changes in Accounting Estimates and Errors, the effect of the change has been given retrospectively in all the period presented. |                              |                        |                      |                        |                      |
| 6. The figures have been re-grouped/ re-arranged/ re-classified/ re-worked wherever necessary to make them comparable.                                                                                                                                                                                                                                                                                                      |                              |                        |                      |                        |                      |
| For and on behalf of the Board of Directors of Comfort Fincap Limited                                                                                                                                                                                                                                                                                                                                                       |                              |                        |                      |                        |                      |
| Sd/- Ankur Agrawal Director and Chairperson DIN:- 06408167                                                                                                                                                                                                                                                                                                                                                                  |                              |                        |                      |                        |                      |
| Place: Mumbai Date: August 02, 2024                                                                                                                                                                                                                                                                                                                                                                                         |                              |                        |                      |                        |                      |

# আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

## দূরন্ত বাব্তা

২৯ বর্ষ, দৈনিক ২৪৪ সংখ্যা, শনিবার, ১৮ আ্রাব, ১৪৩১

## প্রাণে ব্রিটিশ মনে ভারতীয়

একবার এক বাংলা দৈনিকে বিখ্যাত বাঙালি মনীষীদের একটি নামের তালিকা প্রস্তুত করলেন নীরোদ সি চৌধুরী। আশ্চর্যের বিষয় বিদ্যাসাগর কে তালিকায় রাখলেন না। প্রবল বিতর্কের ঝড় উঠল নীরদচন্দ্র নিজের যুক্তি দিলেন,সেই যুক্তি মোটেও বাঙালি মান্যতা দেয়নি। একশোর বেশি বছর বেঁচেও নীরোদ সি চৌধুরী কোনওদিন বাঙালির আপনজন হতে পারেননি। নীরদ সি চৌধুরী আপাদমস্তক ব্রিটিশ ভক্ত। আর সেকারণেই নীরোদ সি চৌধুরীর জন্য ধ্যেয়ে এসেছে অনেক সমালোচনা। তিনি সাম্রাজ্যবাদীদের শেষ সমর্থক, ব্রিটিশভক্ত দালাল ইত্যাদি। সত্যিই তো তিনি ‘অটোবায়াগ্রাফি অফ অ্যান আননোন ইন্ডিয়ান’এ ইংরেজদের প্রশস্তি করেছেন। সরকারি চাকরি থেকে একসময় বরখাস্ত হয়েছেন। বাঙালি সম্পর্কে ভয়ঙ্কর কথা লিখেছেন ‘বাঙালী থাকিব নাকি মানুষ হইব’। সমসাময়িক সমালোচকরা বলেন নীরদচন্দ্র অসম্ভব পণ্ডিত মানুষ, কিন্তু ভয়ঙ্কর উন্নাসিক। নিজেকে সকলের থেকে আলাদা দেখানোর একটা বিচিত্র মানসিকতা তাঁকে সারাজীবন তাড়া করে বেরিয়েছে। সত্যি কী তাই? তাঁর বন্ধুরা কি বলছেন তার সম্বন্ধে? সাংবাদিক, সম্পাদক,পরিমল গোস্বামীর বক্তব্য নীরোদ সি চৌধুরীর মত খুঁতখুঁতে এবং পছন্দ অপছন্দের এমন প্রবণতা কারও মধ্যে তিনি দেখেন নি। মনে প্রাণে ইংরেজ ধর্মী। ইংরেজ জীবনের যা কিছু শ্রেষ্ঠ তাকে আদর্শ জেনে সব কিছু বিচার করতেন। ইংরেজি ছাড়াও ফরাসী,জার্মান ভাষা খুব ভাল জানতেন। তিনি সত্যিই অনেকে জানতেন। সাহিত্য, শিল্প, বিজ্ঞান, সঙ্গীত, ইতিহাস, ভূগোলের সব তথ্য তাঁর জানা ছিল কেবল নয় সব বিষয়ে স্বাধীন চিন্তা ও নিজস্ব মতামত প্রকাশ করতেন দৃঢ় ভাবে। পরিমল গোস্বামীর মতে, নীরদবাবুর মত ‘স্পেশালালিষ্ট হন জেনারেল নলেজ ‘ কল্পনা করা শুধু ভারতে নয় দূঃসাধ্য ছিল বিদেশেও। সত্যি বলতে নীরদচন্দ্র যেমন বুঝেছেন, তেমন লিখেছেন। কী ব্রিটিশ কী ভারতীয়। ফলে দু’দেশেই যেমন তিনি পুরস্কার পেয়েছেন তেমন তাঁর কপালে তিরস্কার জুটেছে। একসময় কোনও স্থায়ী চাকরি করতেন না। এদিক ওদিক পত্র পত্রিকায় ছিটফোর্টি লিখে সামান্য উপার্জন। প্রায় সবটাই চলে যেত পাশ্চাত্য সঙ্গীতের রেকর্ড আর বইপত্র কিনতে। সস্রারে টানাটানি। হাত পড়েছে স্ত্রীর গরনাতো ও। পরে কখনও আর্মি অ্যাকাউন্টস বিভাগে, কখনও বা শরৎচন্দ্র বসুর সচিব রূপে, আবার কখনও অল ইন্ডিয়া রেডিয়োতে যুদ্ধের ভাষ্যকারের চাকরি করেছেন। নীরদচন্দ্র খুব জাঁক করে বলতেন, এক বর্ষ ইংরেজিও আমি কোনও ইংরেজের কাছে শিখি নাই। যা শিখিয়াছি সবই থামরে পাঠশালার গুরুমশাইদের কাছ থেকে। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ‘পথের পাঁচালী ‘ প্রকাশের জন্য প্রকাশক পাওয়া যাচ্ছে না। উদ্যোগ ছিল নীরোদ সি চৌধুরীর। সজনীকান্ত দাস ঘোষণা করলেন ‘পথের পাঁচালী ‘তিনি প্রকাশ করবেন। কপিরাইট হিসেবে তখন বাংলা ইয়োর লেখকেরা পেতেন পঁচিশ –তিরিশ টাকা। রত্ন চিনতে সজনীকান্তের ভুল হয় নি। অনুভব করতে পেরেছিলেন নীরোদ সি চৌধুরীর ঘনিষ্ঠ বন্ধু বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় বাংলা সাহিত্যের অমর কৃতিত্ব স্থাপন করেছেন। ‘পথের পাঁচালী’র কপিরাইট হিসেবে বিভূতিভূষণকে দেওয়া হয় তিন শত টাকা।

## কলকাতার চৌরঙ্গী

চৌরঙ্গী বা ধর্মতলা র মূল আকর্ষণ ছিলো সিনেমা হল এখন সেই সিনেমা হলগুলোই ভ্যানিস, তাই চৌরঙ্গির বই গ্ল্যারীও শেষ, ধর্মতলা যেন নুন ছাড়া তরকারি। এটা সেই সময়ের ঘটনা যখন বাঙালি এক পাত্তর হুইফি সেবন করে অথবা অনাড়ার মোগলাই পেয়ে সিনেমা দেখতে হলে ঢুকত র‍্যাকে টিকিট কেটে। আর যারা কয়েকদিন আগেই অ্যাবডান্স টিকিট কেটে র‍্যাক ত্যাগ চালে যেত সটান হলে। সিনেমা ভাঙার পর রেস্তোরা়য় খাওয়া দাওয়া, নিউ মার্কেটে শপিং করা, ফোরার সময় হাতে থাকতো গরম প্যাটিস, কেক। টুক করে ট্রাম ধরে সিনেমার সেই গল্প করতে করতে বাড়ি। এলিটসিজন্ম ও রোমান্টিসিজমের সেই আঁড়ুৎঘরটি ছিল ‘গ্লোব’ ... দুটি শব্দের চাবুক চালানো শিহরন ছিল যার শরীরে। লিভসে স্ট্রিটে ঢুকে ডান হাতে পর ছোট একটিলেবে গলি দিয়ে ঢুকে বাঁ হাতে ছিল কাউন্টার। ডান হাতে বার। দোতলায় কাচের দরজা ঠোলে আরও একটি বার। সেখানেই দরজা ঠেলে ভিতরে পুরু গালিচা পথ নিয়ে যেত গদি মোড়া সিটে ডিমার কোন অলঙ্কে অফ হত টেরই পেতাম না। অঙ্ককারের রক্তকথায় তখন থেগরি পেক, আস্থনি কুইন, ওমর শরিফ, মা কসম। সৈদিনের সেই গ্লোব আজকের মাল্টিপ্লেক্সগুলোকে বলে বলে গোল দিতে পারত। সেই রোমহর্ষক গ্লোবের সামনে মাল্টিপ্লেক্সগুলো যেন হঠাৎ দু’ পয়সা করে ফুটানি মারা ছিচকের দল, এখন সেখানে আরতি নামে একটি সংস্থা শপিং মল বানিয়েছে, যেখানে ব্র্যান্ডেড ন্যাকড়া বিক্রি হয় আর গ্লোব নামটিকে ছুঁয়ে রেখে একটি পুচকি হল বানাচ্ছে মোটা বড়জোর ভিডিয়ো পার্লারেরই বড়ভাই গোছে। ন্যাকড়া বিক্রি হয় টাইগারেরও। এখানে দেখেছিলাম কোনও সাহিত্যের দোকানও নেই। কলকাতায় কোনও নীল সমুদ্র নেই। তবুও তার একটি লাইটহাউস ছিল। তার দোতলায় পরম যত্নে রাখা ছিল একটি পিয়ানো। কোনও দিন একটি আঁচড়ও দিতে লাগেনি। এক মন সঙ্গ্রম নিয়ে সেদিকে তাকিয়ে থাকত হলিউড সিনেমাপোষার বাঙালি। হয়ত তাতে কখনও তুলন্যে আঙুলে রিনরিনে সুর তুলত কোনও রাজকন্যে। সেখানেই দেখেছিলাম, রাইডার হীন দ্য ব্রিগন, চার্লস ব্রসন, টাওয়ারিং ইনফান্টী, স্টিভ ম্যাকুইন, রিটার্ন অফ দু ডায়ন – ব্রস লী। এখন সেখানে ড্রেস মেটিরিয়ালের কেছা। লাইট হাউস আর বাতি জ্বেলে পথ দেখায় না। কলকাতাটাই যে ভুবতে বসেছে। গো ধরাধরি করে নিউ এম্পায়ার। কোনও এক মহাজাগতিক বিশ্বাসে সীতা এখনও টিকে রয়েছে। ইম্পেরিয়াল হাউস। শ্বেত পাথরের বাঁকানো সিঁড়ি উটে গিয়েছে। বেলজিয়াম গ্লাসের মিরর। দেখায়েছি ছিচকের দা বার্ড, রোমান হলিডের অদ্রে হেপবার্নের ছবি।

## শ্রীশ্রী অনুকূল ঠাকুর



সন্তানরা আমার প্রাণ। তাদের গান না শুনলে রাতে আমার ভালো করে ঘুম হয় না। প্রতিদিন সন্তানদের ভক্তি গীতি শুনতেন

## তারাপীঠের বামাক্ষাপা



তন্ত্র সাধক বামাক্ষাপা মনে করেন, তন্ত্র সাধক বামাক্ষাপা বলছেন, মানব সেবায় রত্নী হতে হবে। সেবার মধ্যে দিয়ে ঈশ্বরের সন্ধান করতে হবে। যিনি মানব সেবা তথা জীব সেবা করতে পারেন তাঁর স্থান হচ্ছে ঈশ্বরের ওপরে। প্রকৃত জীব সেবা কোনও সময়ে বদনাম করে না। জীব সেবা হচ্ছে মহৎ কাজ। যিনি জীব সেবা করতে পারেন তিনি

# কাশী বা বারাণসীর গঙ্গার ঘাটগুলির সঙ্গে নিবিড় সম্পর্ক নির্মাণ করলে

## ভারতীয় মহাকাব্য, পুরাণ ও শাস্ত্রগ্রন্থের সঙ্গে পরিচিতি হওয়া সম্ভব

রবীন্দ্রকুমার শীল

কাশী বা বারাণসীর ঘাট নিয়ে সারা বিশ্বের হিন্দুদের একটি উৎসাহ এবং আগ্রহ রয়েছে। তার কারণ তারা মনে করেন যে কাশীতে গিয়ে যদি কোনও ঘাট থেকে গঙ্গা স্নানসহ পূজা দেওয়া যায় তাহলে মনটা পরিষ্কৃত হয়ে যায়। মনের মধ্যে সব গ্লানি দূর হয়ে যায়। কাশী বা বারাণসী শুরু থেকেই ধর্মীয় স্থান হিসাবে খ্যাতি লাভ করতে শুরু করে। বিশ্বের বহু গবেষকরা এসেছেন কাশীতে। তাঁরা কাশী নিয়ে গবেষণামূলক তথ্য সংগ্রহ করতে গিয়ে ভারতীয় মহাকাব্য এবং পুরাণ কথার আশ্রয় নিয়েছিলেন। তাঁরা বুঝতে পেরে গিয়েছিলেন যে ব্রিটিশ শাসকেরা কাশীর ওপরে কোনও হস্তক্ষেপ করেনি। তার একটি মাত্র কারণ কাশী বা বারাণসী হচ্ছে ভারতীয় সনাতন ধর্মের তীর্থস্থান এর পাশাপাশি চর্চা কেন্দ্রও বটে। এই প্রবন্ধ লেখার আগে আর একটি প্রবন্ধ লেখা হয়েছিল। সেখানে কাশীর গঙ্গার ঘাট নিয়ে লেখা হলেও তা সম্পূর্ণ করা যায়নি। কাশীর প্রতিটি গঙ্গাঘাটেরএকটি করে ঐতিহ্যবাহী ইতিহাস রয়েছে। সেই ইতিহাসের সম্পর্কে জানতে না পারলে কাশীর ঘাট সম্পর্কে বহু তথ্য অজানা থেকে যাবে। এর আগের প্রবন্ধে হরিশ্চন্দ্র ঘাট সম্পর্কে বলেছিলাম। তারপরে আর লেখা সম্ভব হয়ে উঠেনি কাজের চাপে। আবার শুরু করলাম কাশীর ঘাট নিয়ে আলোচনা। তবে এই আলোচনা করতে যে বইটি সাহায্য করেছে তা যেন হল ‘ঈশ্বরভূমি বারাণসী’। লেখক চঞ্চল ঘোষ। যাইহোক এখন মূল আলোচনায় ফিরে আসা যেতে পারে। **লালী ঘাট** ৪ মুসলিম রাজত্ব কালে বাল শাহ নামে একজন সেনাপতি গঙ্গার ঘাটটি বাঁধিয়ে দিয়েছিলেন। যার নামে ঘাটের নাম রাখেন লালী ঘাট। **কদোর ঘাট** ৫ গঙ্গার ঘাট থেকে খাঁড়ই সিঁড়ি ধরে পৌঁছাতে হয় এই মন্দিরে। হিমালয়ে কদোরনাথ আছেন। সারা হিমালয় জুড়েই সর্বভ্যাপী শিব বা কদোরনাথ বিরাজ করছেন। তিনি কোথাও বরীনাথ, আবার কোথাও অমরনাথ, আবার তিনি কোথায় কৈলাশ। কেনে কদোরনাথ সারা হিমালয় জুড়ে তাঁর প্রভাব বিস্তার হতে শুরু করে দিল তা নিয়ে সবাই উৎসুক রয়েছে। আর কোনও দেব দেবীকে তো হিমালয়ে প্রবেশ করতে দেখা যায় না। শুধু মাত্র ভূতনাথ সেখানে প্রভাব বিস্তার করছেন। তিনি পঙ্গকে মাখায় বহন

সর্বত্র। এমনকী কাশ্মীরে সেখানেও তিনি অমরনাম নাম গ্রহণ করে উপস্থিত। কাশ্মীরের ‘অমরনাথ’-এ বাবা শিবকে গ্রহণ করে প্রকৃতি। প্রকৃতি সেই দায়িত্ব গ্রহণ করেছে। ভারতীয় সভ্যতার সঙ্গে শিবের যোগ রয়েছে। নাহলে কোনও সময়ে এটা সম্ভব হতো না যে হিমালয়ের মতো স্থানে কারোর রাজ বিস্তার করা। একমাত্র শিব বহু নামে নিজেকে হিমালয়ের বুকে প্রতিষ্ঠিত করতে পারতেন।

শিব স্বর্গে থাকেন না। তিনি সাধারণ নাগরিকদের সঙ্গে থাকতে ভালোবাসেন। সেই কারণে ভারতের সাধারণ জনগণের সঙ্গে তাঁর সম্পর্ক খুবই গাঢ়। সেই কারণে শ্রাবণ মাসে বাবা তারক নাথের মাথায় জল ঢালতে বহু ভক্তরা তারকেশ্বর থেকে শুরু করে যেখানেই বিখ্যাত শিব মন্দির রয়েছে কাঁধে বাঁকে করে জল নিয়ে উদ্গিহিত হন ভক্তরা। কাশীতে অবস্থিত কদোরনাম লিঙ্গ সৃষ্টির হওয়ার একটি কাহিনী রয়েছে। দক্ষিণ ভারতের কোনও কোনও ভক্ত প্রতি বছর কৈরিনাথ দর্শন করতেন।সেই ভক্তের বয়স বৃদ্ধি পায়। শরীরের শক্তি কমে যেতে থাকে। তার পক্ষে আর হিমালয়ে গিে

কদোরনাথের পুজো দেওয়া বা দর্শন করা সম্ভব হচ্ছে না। তিনি সেই সময়ে হেঁটে বেনারসের দক্ষিণ প্রান্তে এসে উপস্থিত হলেন। তারপরে তিনি শারীরিক অবস্থা ভালো না থাকায় সেখানেই অবস্থান করেন। বাবা তারকনাথের নাম স্মরণ করে নিজের হাতে রান্না করে খিড়ি কলাপাতায় করে ভোগ নিবেদন করতেন এবং বলতেন, প্রভু তোমার দেখা কী আর পাখো না? তোমাকে দেখতেই পথে বের হয়েছি। অল্প কিছুদিন পরে ভক্তের অস্ত্রের কণা শুনতে পান কদোরনাথ। তার পরে মহাদেব



বলেছিলেন, তোমার করুণ প্রার্থনা আমি সম্ভুষ্ট হয়েছি। তোমার প্রসাদ গ্রহণ করছি। আমি কাশীতে বিরাজ করবে। বাবা কদোরনাথ যেতে পারবেন না তারা কাশীতেই কদোরনাথের দর্শন লাভ করতে পারবেন। আমার একটি আনাদিলিস কদোরনাথ নামে পরিচিত লাভ করবে কাশীতে। তোমার মতো ভক্তরা আমার দর্শন করতে পারবে। কাশীর কদোরনাথ দর্শ করলেই হিলামালয় কদোরনাথ দর্শন করা একই হবে। সেই সময় থেকে আনাদিলিস কদোরনাথ নাম গ্রহণ করে এখানে বিরাজ করছেন।কাশীর কদোরনাথ-মন্দিরের সমানে একটি কুণ্ড রয়েছে। ভারতীয় পুরাণ, মহাভারত এবং রামায়ণ মহাকাব্যের মহেশ্বর আশ্রয় স্থান তা মানসিংহের কাছে অজনা ছিল না। সেই কারণে তিনি মানসসরোবরকে কাশীতে গঙ্গার ঘাটে প্রতিষ্ঠিত করেছিলেন। তৎকালীন যুগে কৈলাশ মানস সরোবর যাওয়া খুবই কঠিন ব্যাপার ছিল। সবার পক্ষে যাওয়া সেখানে প্রায় অসম্ভব ছিল। সেই কারণে মানসিংহ কাশী বা বারাণসীতে গঙ্গার ঘাটে মানসসরোবর ঘাট নির্মাণ করেছিলেন। তিববতে

মানসসরোবরে সবার যাওয়া হয় না। পূণ্য অর্জন লাভ করা সম্ভব হয় না। সেই কারণে কাশীর গঙ্গার সঙ্গে মানসসরোবর ঘাট নির্মাণ করে সবার পূণ্য অর্জন করার অধিকার দিয়েছিলেন। **নারদ ঘাট** ৪ নারদ ঘাট নামকরণ করা হয়েছে তার পুরাণ কথা রয়েছে। বলা হয়ে থাকে এখানে দেবর্ষি নারদ ত পস্যা করেছিলেন। সেই কারণে এই ঘাটের নাম করা হয়েছে নারদ ঘাট। এখানে পরপর ঘাট। সিঁড়ির পর সিঁড়ি। এক ঘাট থেকে আর এক ঘাটে চলে যাওয়া সম্ভব। কথিত রয়েছে নারদ সবার সঙ্গে কথা বলতেন। কারোর সঙ্গে কোনও রকম মনোমালিগ্ন ছিল না। তিনি ছিলেন সংবাদ বাহক। দেব দেবীর দ্রুত গতিতে চলাফেরা করতেন। তাঁর চলার পথও খুব মসুন ছিল। কত মানুষ এই ঘাটে উপস্থিত হয়ে অন্য ঘাটের সঙ্গে সংযোগ রক্ষা করে থাকেন। **রাজা ঘাট** ৪ মহারাষ্ট্রের পেশোয়া অমৃতরাও এই ঘাটের প্রতিষ্ঠাতা। এই ঘাটের ওপরে রয়েছে পেশোয়া পরিবারের রাজপ্রাসাদ এবং তাদের নিজস্ব মন্দির। এই ঘাটকে অনেকে আবার বিনায়ক ঘাট বলে থাকেন। এরপরে রয়েছে পাঁড়া বা পাণ্ডা ঘাট। এক সময়ে কাশীর পাণ্ডারা নিজদেশের জন্য এই ঘাট নির্মাণ করে ছিলেন। এখানে সেই সময়ে অন্য কোনও ব্যক্তির গঙ্গা স্নান করার অধিকার ছিল না। একমাত্র পাণ্ডারা এই ঘাটে এসে গঙ্গা স্নান করতে পারতো। **চৌষড়ি যোগিনী ঘাট** ৪ অতীত কালে এইখানে একটি চৌষড়ি যোগিনী মন্দির ছিল। জানাতে পারা গিয়েছে এই ঘাট সংস্কার করে মন্দির নির্মাণ করেছিলেন। কালের করাল গ্রাসে সব মন্দির নষ্ট হয়ে গিয়েছে। একটি মাত্র মন্দির রয়েছে। বর্তমানে দুর্গা ও ভদ্রকালীর বেষ্টমন্দির রয়েছে সেটিও নির্মাণ করেছিলেন যশোরের রাজা প্রতাপদিত্য। নবরাত্রির সময়ে এখানে মেয়েরা চৌষড়ি যোগিনীর পূজা করে যে থাকেন। দোলপূর্ণিমার দিনে রাধাকৃষ্ণের মূর্তি নিয়ে ছেলেমেয়েরা এসে গান নৃত্য করে থাকে। যোগিনী মন্দির মানেই হচ্ছে তন্ত্র সাধনার স্থান। তন্ত্র সাধনায় সিদ্ধি লাভ করতে গেলে যোগিনী মন্দির চাই। কিন্তু পথে সেখানে ক্ষেব ধর্মমত প্রকাশ লাভ করতে শুরু করে। তন্ত্র সাধনার সঙ্গে রাধাকৃষ্ণ এর ঘোম ভক্তি এসে উপস্থিত হয়। দোলপূর্ণিমার দিনে

## সম্পাদক সমীপেষু

### কমিক অভিনেতা রবি ঘোষ

পিকু সিনেমার গুটিং চলাছে। সেটে রয়েছে ইরফান খান, দীপিকা পাডুকোন এবং তিনি। হঠাৎ শটের মাঝখানে বেশি উনি দীপিকাকে বলছেন, দীপিকা ডু ইউ নো দিস স্যান্ড্রির কলড রবি ঘোষ? প্রকটা করে উনি ইরফানের দিকেও তাকালেন। দীপিকা, ইরফান কেউই রবি ঘোষকে চিনতেন না। তারপর বলতে শুরু করলেন, ভারতবর্ষে রবি ঘোষের থেকে বড় কমিক টাইমিং আর কোণ্ড অ্যান্ড্রেরের না কোনও দিন হতো, না কোনও দিন হতো। যিনি এটা বললেন তার নাম অমিতাভ বচ্চন। অভিনয় ছিল তার মজ্জায় মজ্জায়। তাই কোনও বাধাই তাঁর সেই ‘প্যানশন’কে দমিয়ে রাখতে পারেনি। আর পেশাদারিত্ব? ঠিক সময়ে কাজের জায়গায় পৌঁছানো ছিল তাঁর স্বভাব। ‘ঠগিনী’ ছবি তৈরির সময় এক দিন বেশে দেরি হল ফ্লোরে পৌঁছাতে। দুপুরের রেকের আগে পল্টু নির্বিঘ্নে কাজ শেষ হলে জানা গেল তিনি সেই সকার্লেই মা-কে দাহ করে এসেছেন। তাই দেরি। তিনি বাংলা র গর্ব রবি ঘোষ। তাঁকে কমেডিয়ান বললে ভীষণ রোগে যেতেন। বলতেন; কমেডিয়ান বলে আলাদা কোনও সংজ্ঞা আমার বিশ্বাস নেই, আমি এক জন চরিত্রাভিনেতা। গুরু মানতেই চালা চ্যাপলিনকে। তাঁর আসল নাম ছিল রবীন্দ্রনাথ ঘোষদত্তিদার। অতবড় নাম হেঁটেকেটে বাংলা অভিনয় জগতে এলেন রবি ঘোষ নামে।

২৪ নভেম্বর, ১৯৩১। কোচবিহারে মামাবাড়িতে জন্ম হয় রবি ঘোষের। বাবা জীতেন্দ্রনাথ ঘোষদত্তিদার আদত ছিলেন পূর্ব বাংলার বরিশালের গাভার বাসিন্দা। পড়াশোনার শুরু কোচবিহার জেনকিন্স স্কুলে। পরে ১৯৪৭ সালে কলকাতার সাউথ সার্বাবানি মেনে ‘স্কুল থেকে ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তীর্ণ হন। স্কুলে তাঁর সহপাঠী ছিলেন উত্তমকুমারের ভাই অভিনেতা তরুণ চট্টোপাধ্যায়। ভবানীপুর

রাধাকৃষ্ণ মূর্তিকে নিয়ে উৎসবকে বলা হয়ে থাকে ধুরড়ি উৎসব। এখারগে শ্যামাচরণ লাহিড়ির প্রতিষ্ঠিত একটি সুন্দর শিবলিঙ্গ মন্দির রয়েছে। অসাধারণ নাগনাগিনীর মিথুন মূর্তি দেখতে পাওয়া যায়। এর পরে রয়েছে রানামহল ঘাট, দ্বারভাঙ্গা ঘাট। রানামহল ঘাট রাজস্থানে রানাদের দ্বারা নির্মিত হওয়ার সম্ভাবনা প্রবল। দ্বারভাঙ্গা ঘাট বিহারের দ্বারভাঙ্গা রাজাদের দ্বারা নির্মিত হওয়ার সম্ভাবনা প্রবল। কাশী বা বারাণসীতে ভারতে শক্তিশালী চেষ্টা করেছেন তাদের নামে একটি করে ঘাট নির্মাণ করে দেওয়ার। তাঁরা মনে করতেন কাশী বা বারাণসীতে যদি একটি করে তাঁদের নামে ঘাট তৈরি করে দেওয়া যেতে পারে তাহলে তাঁদের নাম আজীবন স্মরণীয় হয়ে থাকবে। তাদের কথা কেউ ভক্তরা ভুলবে না। সবাই তাদের নাম স্মরণ করবে। কাশী বা বারাণসীতে বহু তীর্থযাত্রা এসে উপস্থিত হয়। তারা সবাই ঘাটে গিয়ে গঙ্গার স্নান করে পুণ্যার্জন লাভ করার বাসনা ত্যাগ করতে পারেন না। সেই কারণে তাদের রাজা মহারাজারা তাদের নাম করে একটি ঘাট নির্মাণ করে গিয়েছেন। বা তাদের রাজের নাম করে কোন কোনও ঘাট নির্মাণ করেছেন।

**অহল্যাবান্ধি ঘাট** ৪ আধুনিক বারাণসী গড়ে তোলার জন্য যিনি অক্লান্ত পরিশ্রম করেছিলেন তিনি হলেন হন্দোলের মহারানি অহল্যাবান্ধি। তাঁর স্মৃতিতে গড়ে উঠেছে এই ঘাটটি। কাশীর বিশ্বনাথের মন্দির ছাড়াও গড়ে তুলেছিলেন পথ, কুণ্ড, ধর্মশালা, মন্দির, নহবৎখানা এবং ছত্র। কাশীর ঘাটের সঙ্গে জড়িয়ে গিয়েছে সারা ভারতবর্ষ। বারাণসী আর বেশি করে আকর্ষণীয় করে তোলার লক্ষ্য নিয়ে এগিয়ে চলতে শুরু করে দিয়েছে বর্তমান সরকার। কিন্তু অতীতেত ঐতিহ্যকে ধ্বংস করে যদি আধুনিক বারাণসী গড়ে ওঠে তাহলে বারাণসীর যে অতীত রূপ রয়েছে সেই রূপটা বেশ খানিকটা স্নান হয়ে যেতে পারে। সেই কারণে প্রাচীন ভারতের কাশীর বা বারানসীর ঐতিহ্য যাতে স্ঠনা হয়ে যায় তার দিকে লক্ষ রাখা উচিত। কাশীকে যুগের সঙ্গে তাল মিলিয়ে চলতে হবে।



ছাত্রজীবনে ‘বঙ্গুমন’ নামে একটি নাটকের দল গড়ে মহড়া দিতেন আশুতোষ কলেজের ছাত্র। তাঁকের জন্য বহু বার বাড়ি থেকে বিতাড়িত হতে হয়। অভিনয় করা তাঁর বাবা জীতেন্দ্রনাথ একবারের পছন্দ করতেন না। প্রায়ই স্ত্রী জ্যোত্স্নারানিকে বলতেন, রবি অভিনয় কইরা সময় নষ্ট করে ক্যান? তোমার পোলারে হয় দি ওই চেহারায়ে অভিনয় করা দি। বাবা না হলেও, মা ও বড়মামার সমর্থন যেতেন। বলতেন; কমেডিয়ান বলে আলাদা কোনও সংজ্ঞা আমার বিশ্বাস নেই, আমি এক জন চরিত্রাভিনেতা। গুরু মানতেই চালা চ্যাপলিনকে। তাঁর আসল নাম ছিল রবীন্দ্রনাথ ঘোষদত্তিদার। অতবড় নাম হেঁটেকেটে বাংলা অভিনয় জগতে এলেন রবি ঘোষ নামে।

১৯৫৯ সালে তিনি আহবান চলচ্চিত্রে একটি ছবি চরিত্রে অভিনয় করেন। তপন সিনহার গল্প হাথ্যে সত্যিতে অভিনয় করে মধ্যমে তিনি সবার নজরে আসেন। ১৯৬৮ সালে প্রখ্যাত চলচ্চিত্রনির্মাতা সত্যজিৎ রায় নির্মিত ‘গুপী নায়িকা বাঘা বানন’ চরিত্রে তার অভিনয় চলচ্চিত্রজগতে একটি মাইলফলক। একে একে তিনি অভিযান (১৯৬২), (ক্রমশঃ









## বীরু ব্র্যান্ড অ্যাম্বাসাডর, ডিপিএল-এ খেলবেন ঋষভ পন্থ!

নয়াদিল্লি, ২ আগস্টঃ ঋষভ পন্থ, নবদীপ সাহিনি, হর্ষিত রানা। এরকম বেশ কিছু পরিচিত নাম দেখা যাবে উদ্বোধনী দিল্লি প্রিমিয়ার লিগে। এ মাসের মাঝামাঝি হবে দিল্লি প্রিমিয়ার লিগ। এমনটাই জানিয়েছে দিল্লি ক্রিকেট সংস্থা। পুরুষ এবং মহিলাদের ক্রিকেট, একই সঙ্গে চলবে দিল্লি প্রিমিয়ার লিগ। দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে ম্যাচগুলি হবে। পুরুষদের ক্রিকেটে ছাঁট ফ্র্যাঞ্চাইজি দল রয়েছে। প্রায় প্রতিটি রাজ্য ক্রিকেট সংস্থারই নিজস্ব টি-টোয়েন্টি টুর্নামেন্ট হয়। সেখান থেকে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগেও সুযোগ পান অনেকে। এ বছর শুরু হয়েছে বেসল প্রিমিয়ার লিগ। আইপিএলের স্মার্টটো উপস্থিতি ছিলেন কলকাতার ইভেন গার্ডেনে। দিল্লি ক্রিকেট সংস্থার প্রধান রোহন জেটলি বলেন, “ঋষভ পন্থ, নবদীপ সাহিনি, হর্ষিত রানা এবং অনেক পরিচিত ক্রিকেটারই উদ্বোধনী দিল্লি প্রিমিয়ার লিগে খেলবে। ঋষভের সঙ্গে ব্যক্তিগত ভাবে কথা বলেছি। জাতীয় দলের খেলা না থাকলে ও এই টুর্নামেন্টের ম্যাচে নামবে বলে কথা দিয়েছে। এই মুহূর্তে বলতে পারি, ঋষভ খেলবে।” পরিচিত




মুন্ডের পাশাপাশি অনূর্ধ্ব-২৬ এবং অনূর্ধ্ব-১৯ উভটি প্রতিভাদেরও দেখা যাবে ডিপিএলে। দিল্লি প্রিমিয়ার লিগের ব্র্যান্ড অ্যাম্বাসাডর বিশ্ব ক্রিকেটের বিখ্যাতী গুণেনার বীরেন্দ্র শেখওয়াজ। উদ্বোধনী সংস্করণ নিয়ে উচ্ছ্বসিত ভারতের প্রাক্তন গুণেনার। বলছেন, “যে সমস্ত তরুণ ক্রিকেটাররা নেটে পরিশ্রম করে চলে, তাদের কাছে একটা দারুণ সুযোগ। এই টুর্নামেন্টে ভালো পারফর্ম করতে পারলে আরও বড় সুযোগ আসতে পারে। কেরিয়ারের শুরুতে আমি এমন ভিন্ন ভিন্ন ফ্র্যাঞ্চাইজি টুর্নামেন্টে খেলার এই সুযোগ পাইনি। আমার ছেলেরাও ক্রিকেট খেলে। আশা করি সে এই সুযোগটা পাবে।” উদ্বোধনী সংস্করণে মোট ৪০টি ম্যাচ। এর মধ্যে মেয়েদের ক্রিকেটে সাতটি ম্যাচ এবং পুরুষদের ৩৩টি ম্যাচ। যে ছাঁট ফ্র্যাঞ্চাইজি দল অংশ নিতে চলেছে তারা হল-ওয়েস্ট ইন্ডিয়ান লায়াল, বর্ধ দিল্লি স্ট্রাইকার্স, সাউথ দিল্লি সুপারস্টার্স, পুরানি দিল্লি-৬, দিল্লি কিংস ও ইস্ট দিল্লি রাইডার্স। ম্যাচগুলি স্পোর্টস ১৮ ও জিও সিনেমাও সম্প্রচারও হবে।

## ৭ মাসের অন্তঃসত্ত্বা অলিম্পিকে নামলেন কিভাবে নাদা হাফেজ!



প্যারিস, ২ আগস্টঃ এও কি সম্ভব? এই প্রশ্ন নিয়ে তোলপাড় চলছে প্যারিস অলিম্পিকে। এমনটিতে এ বারের অলিম্পিক ঘিরে বিতর্কের শেষ নেই। অকস্মাৎ হানায় ধমকে গিয়েছিল ফ্রান্সের রেল পরিষেবা। শোন নদীর জলের দূষণমাত্রা। আচমকিই বেড়ে যাওয়া। মেয়েদের বাজিয়ে লিঙ্গ বিতর্কে থাকা দুই বঙ্গারকে অলিম্পিকে নামার অনুমতি দেওয়া। একের পর এক ঘটনা ঘটেই চলেছে। তার মধ্যে আবার জানা গেল এক ঘিমেয়রক তথ্য। যা নিয়ে চলছে তোলপাড়। এক সাত মাসের অন্তঃসত্ত্বা মহিলা অলিম্পিকে অংশগ্রহণ করবেন। যা ঘিরে বিতর্কের পাশাপাশি হুইইও কম নেই। ওই অ্যাথলিট কি অলিম্পিকের নিয়ম মেনেনি? লুকিয়ে নেমেছিলেন অলিম্পিকে? ইজিপ্টের ফেন্দার নাদা হাফেজের একটি ইন্সটাগ্রাম পোস্ট নিয়ে ব্যাপক আলোচনা চলছে খেলার দুনিয়ায়। মেয়েদের সবার ইভেন্টের প্রি-কোয়ার্টার ফাইনালে দক্ষিণ কোরিয়ার জিওন হুইংয়ের কাছ হেরে বিদায় নিয়েছেন।

## প্যারিসে ঘুরে দাঁড়ালেন বাংলার মেয়ে, আর্চারির শেষ আটে অঙ্কিতা



প্যারিস, ২ আগস্টঃ টানা বার্থা নিয়ে চলছিল আলোচনা। টিম ইভেন্ট ও ব্যক্তিগত ইভেন্ট থেকে কার্যত কিছুই করতে পারেননি ভারতীয় আর্চাররা। একমাত্র দীপিকা কুমারীতে কিছুটা মুখ রক্ষা হয়েছে। সেখান থেকে ঘুরে দাঁড়ানোর স্বপ্ন দেখাচ্ছেন ভারতের ছেলে-মেয়েরা। আর্চারির মিস্ত্র টিম ইভেন্টের শেষ আটে অঙ্কিতা ভকত ও ধীরাজ বোমনেভারা। ইন্দোনেশিয়ার টিমকে ২-০ সেটে হারালেন তারা। হাওয়ার সঙ্গে যুক্ত হতে না পারে অন্য ইভেন্টগুলোয় পারফর্ম করতে পারছিলেন না। মিস্ত্র টিম ইভেন্টে কিন্তু অঙ্কিতা আর ধীরাজ চমকে দিলেন। চার সেটের ম্যাচে ৫ পয়েন্ট তুলতে হয় ম্যাচ জেতার জন্য। ভারতীয় মিস্ত্র টিম তৃতীয় সেটেই তুলে নিলেন ৫ পয়েন্ট। প্রথম সেটটা তারা জিতলেন ৩৭-৩৫। দ্বিতীয় সেট ৩৮-৩৮ এ ড্র। পরের সেটটা আবার ভারতের ছেলে-মেয়ে জিতলেন ৩৮-৩৭। বাংলার মেয়ে হলেও অঙ্কিতা বাড়শুণ্ডর হয়ে খেলেন। অলিম্পিকে কিন্তু তিনি নিজেকে মেলে ধরলেন। তিনটে সিরিজে মোট ৩০টি ১০ মেরুতেনে অঙ্কিতা। প্রথম সিরিজে দুটো শট ৯ ও ৯। কিন্তু সেটে আবার তাঁর ধনুক থেকে বেরোয় ৯ ও ১০। তৃতীয় সিরিজে সেই তিনি কিন্তু পর পর দুটো শটেই মারেন ১০ ও ১০। তিনি এমন পারফর্ম করায় আর ইন্দোনেশিয়ার আর্চাররা দাঁড়তে পারেননি। চাপ মুখে পড়েই ছিটকে গেলেন তারা। এশিয়ান গেমসের মিস্ত্র টিম ইভেন্ট থেকেও ব্রোঞ্জ এনেছিল এই জুটি। অঙ্কিতার মতোই ধীরাজও সেরাটাই দিয়েছেন। দু'জনেই প্যারিসের ভালো করেই চেনেন। তবে কোয়ার্টার ফাইনালে আরও কঠিন প্রতিপক্ষের মুখে পড়তে হবে। তার জন্য অঙ্কিতা ও ধীরাজ তৈরি। ৭০ মিটার দূরত্ব থেকে লক্ষ্যভেদের স্বপ্নপূরণ করতে মরিয়া ভারতের ছেলে-মেয়ে।

## রুদ্রশ্বাস ম্যাচে অস্ট্রেলিয়াকে হারিয়ে হকিতে পদক জয়ের আশা বাড়াল ভারত

প্যারিস, ২ আগস্টঃ দুরন্ত জয় হকিতে। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে গ্রুপ এ-র ম্যাচে ভারতীয় হকি দল ৩-২ গোলে জিতে পদকের আশা বাড়িয়ে রাখল। শুক্রবার গেমস হকিতে রুদ্রশ্বাস ম্যাচ হয়েছে। ১৯৭২ সালের পরে হকিতে অস্ট্রেলিয়াকে হারাল ভারতীয় দল। ম্যাচে একটা সময় ভারতীয় দল ৩-১ গোলে এগিয়ে ছিল, সবাই যখন ভাবছে ভারত হাসতে হাসতে ম্যাচটি জিতে যাবে, সেইসময় এক গোল হজম করে টেনশন আরও বাড়িয়ে দিয়েছিল। ভারতীয় দল বিরতিতে ২-১ গোলে এগিয়ে ছিল। ভারতের হয়ে ম্যাচে প্রথম গোল অভিষেক সিং। পরের দুটি গোল হরমন্টীত সিংয়ের। এই জয়ের সুবাদে ভারতীয় দল সেমিফাইনালের পথে একটাটাই এগিয়ে গিয়েছে। গতবার হকিতে পুরুষ দল ব্রোঞ্জ জিতেছিল। এবার ভারতীয় দল যে ছন্দে রয়েছে, তাতে এবার পদকের রং বদলাতে পারে।



## চোটের বাহানা! নির্বাসনের কড়া শাস্তি চাইছে আইপিএল ফ্র্যাঞ্চাইজি

হায়দরাবাদ, ২ আগস্টঃ আইপিএলের জন্য রেজিস্ট্রেশন করছেন। অনেক আশা নিয়ে তাঁকে কোনও দল কিনেছেও। বিশাল অঙ্কে দলে নেওয়া হয়েছে। কখনও বা সংশ্লিষ্ট প্লেয়ার তাঁর প্রত্যাশা অনুযায়ী দর পাচ্ছেন না। হঠাৎই হয়তো নাম তুলে নিলেন। আবার কখনও চোটের বাহানায় খেলছেন না! আইপিএলে এমন ঘটনা নতুন নয়। বিনিশি ক্রিকেটারদের ক্ষেত্রে এমনটা অনেক সময়ই দেখা যায়। মনমতো দর না পাওয়ার কারণেই কি চোটের বাহানায় নাম তুলে নেন অনেক ক্রিকেটার? গুয়ানিন্দু হাসারঙ্গার ক্ষেত্রে কি গত মরসুমে এমনটাই হয়েছিল? সানারহিজার্স হায়দরাবাদের শীর্ষকর্তা কাব্য মারানের হৃদিত তেমনই। এরকম প্লেয়ারদের জন্য কড়া শাস্তি চাইছেন কাব্য। আইপিএলের আগামী মরসুমের নানা বিষয়ে আলোচনার জন্য ফ্র্যাঞ্চাইজি কর্তাদের সঙ্গে মিটিং করেছে ভারতীয় ক্রিকেট বোর্ড। সেখানেই নানা বিষয়ে আলোচনা হয়েছে। আগামী আইপিএলে মেগা অকশন।



ধরেনে বলই খবর। গত বারের আইপিএলে শ্রীলঙ্কার লেগ স্পিনার গুয়ানিন্দু হাসারঙ্গাকে বিনে করেনি রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গলুরু। তাঁকে নিলামে নিয়েছিল সানারহিজার্স হায়দরাবাদ। ১.৫ কোটি টাকায় তাঁকে নেয় সানারহিজার্স। যদিও

চোটের কারণে ছিটকে যান। অনেকেই মনে করেছিলেন, চোট নয়, আসলে টাকার অঙ্কটা পছন্দ না হওয়াতেই সরে দাঁড়িয়েছিলেন হাসারঙ্গা। সানারহিজার্স হায়দরাবাদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক কাব্য মারান একটি ক্রিকেট ওয়েবসাইটকে সাক্ষাৎকারে বলেন, “অকশনে দল পাওয়ার পরও কোনও প্লেয়ার যদি খেলতে না আসেন, চোট ছাড়া কোনও কোনও কারণে সরে দাঁড়ান, তাঁকে নির্বাসিত করা উচিত।” কাব্য অবশ্য কারও নাম উল্লেখ করেননি। তাঁর হৃদিত যে গুয়ানিন্দু হাসারঙ্গা, এমনটা অনুমান করাই যায়। কাব্য আরও বলেন, “একটা ফ্র্যাঞ্চাইজি নানা পরিকল্পনা করেই প্লেয়ার বাছাই করে। কবিশেষনের পরিকল্পনা থাকে। কোনও প্লেয়ারকে কম টাকায় পাওয়া সব সময় হয় না। চোটের সেই ফ্র্যাঞ্চাইজির হাত নেই। তবে সেই প্লেয়ারকে নেওয়ার পরও খেলতে না এলে কবিশেষনে অনেক সমস্যা হয়। দলের ভারসাম্য নষ্ট হয়।”

## পদক জিততেই খুলে গেল কপাল, মাত্র ২ দিনেই ৪০টা অফার পেলেন মনু ভাকের



নয়াদিল্লি, ২ আগস্টঃ ব্রোঞ্জ জিতেও দেশের ‘গোল্ডেন গার্ল’ এখন মনু ভাকের। প্যারিস অলিম্পিক থেকে দু-দুটি পদক অর্জন করে দেশের নাম উজ্জ্বল করেছেন মনু। শুটিংয়ে পদকে ১২ বছরের খরা কাটিয়েছেন হরিয়ানার মেয়ে। ২২ বছরের মনুতে এখন মনুদেব গোটা দেশ। আর অলিম্পিকে পদক জিততেই ভাগ্য বদল। জোড়া পদকের দৌলতেই দেশের মুখ খুলে উঠছেন মনু। তাঁকে দিয়ে বিজ্ঞাপন করতে মরিয়া বড় বড় সংস্থা। কোটপতি আগেই ছিলেন মনু। বিভিন্ন টুর্নামেন্ট ও ব্রান্ড স্পনসরশিপের দৌলতে মাত্র ২২ বছর বয়সেই মনু ভাকেরের সম্পত্তির পরিমাণ আনুমানিক ১২ কোটি টাকা। এবার আরও সম্পত্তি বাড়তে চলেছে মনুর। প্রতিদিনই তাঁর কাছে আসছে বিজ্ঞাপনের প্রস্তাব। জানা গিয়েছে, অলিম্পিকে পদক জয়ের পরই ৪০টি ব্রান্ডের কাছ থেকে বিজ্ঞাপনের প্রস্তাব পেয়েছেন মনু ভাকের। অলিম্পিকে তৃতীয় পদক অর্জনের লক্ষ্যেই আপাতত স্থির মনু, তবে তাঁর এজেন্সি ইতিমধ্যেই বেশ কিছু বিজ্ঞাপনের প্রজেক্টে সই করেছে। অলিম্পিকে পদক জেতার পর শুধু মানই নয়, দরও বেড়েছে মনুর। আগে যেখানে বিজ্ঞাপন পিছু ২০ থেকে ২৫ লক্ষ টাকা নিতেন, এখন তাঁর ফি ৬-৭ গুণ বাড়িয়ে দেওয়া হয়েছে। রিপোর্ট অনুযায়ী, এখন বিজ্ঞাপন পিছু দেড় কোটি টাকা চার্জ নিচ্ছেন মনু। আইওএস স্পোর্টস অ্যান্ড এনটারটেইনমেন্ট, যে সংস্থা মনু ভাকেরের ম্যানেজমেন্টের দায়িত্ব রয়েছে, সেই সংস্থার সিইও তথা ম্যানেজিং ডিরেক্টর নীরব তোমার বলেন, “বিগত ২-৩ দিনেই ৪০টি বিজ্ঞাপনের প্রস্তাব এসেছে। আপাতত আমরা দীর্ঘমেয়াদী চুক্তি দিকেই নজর দিচ্ছি। কয়েকটি চুক্তিও স্বাক্ষর করা হয়েছে।” তিনি আরও বলেন, “পদক জয়ের পর স্বাভাবিকভাবেই ওর (মনু) ব্রান্ড ভ্যালু ৫-৬ গুণ বেড়ে গিয়েছে। আগে ২০-২৫ লক্ষ টাকা নেওয়া হত, এখন বিজ্ঞাপন পিছু দেড় কোটি টাকা চার্জ নেওয়া হচ্ছে। এক বছরের চুক্তির জন্য এই চার্জ নেওয়া হচ্ছে।

দুরন্ত প্রকাশন গ্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক ও মুদ্রক অলোক কুমার নন্দর কর্তৃক সত্যজু এমপ্লয়ীজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নন্দর

Printed & Published by Alok Kumar Naskar on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Profulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Alok Kumar Naskar E-mail: dailydurantabarta@gmail.com

## অলিম্পিক্সে পদক জয়ের হ্যাটট্রিকের সামনে মনু ভাকের আজ ঐতিহাসিক ফাইনাল



প্যারিস, ২ আগস্টঃ জোড়া পদক নজির গড়েছেন মনু ভাকের। এ বার হ্যাটট্রিকের স্বপ্ন দেখাচ্ছেন। স্বাধীন ভারতের প্রথম অ্যাথলিট হিসেবে অলিম্পিকের এক সংস্করণে জোড়া পদকের ইতিহাস গড়েছেন শুটার মনু ভাকের। ব্যক্তিগত ইভেন্টে ১০ মিটার এয়ার পিস্তলে ব্রোঞ্জ পদকে স্বাভা খোলেন। সেটি প্যারিসে দেশেরও প্রথম পদক ছিল। এরপর সরবজ্যোৎ সিংয়ের সঙ্গে ১০ মিটার এয়ার পিস্তল টিম ইভেন্টেও ব্রোঞ্জ পদক মনু ভাকেরের। তাঁর স্পেশালিটি ২৫ মিটারে। এ দিন যোগ্যতা অর্জন করেছিলেন। তিনি কতটা কঠিন পরিশ্রম করেছেন, পারফরম্যান্সেই পরিষ্কার। ১০ মিটার এয়ার পিস্তল ইভেন্টে ব্রোঞ্জে খুশি হলেও সন্তুষ্ট ছিলেন না। তেমনই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে কথা বলার

ঈশা সিংও। মনু একাই ফাইনালের যোগ্যতা অর্জন করেছেন। যোগ্যতা অর্জন পর্বে শীর্ষে হাঙ্গেরির ডেরোনিকা মেজার। মাত্র ২ পয়েন্টের জন্য দ্বিতীয় স্থানে থেকে ফাইনালে যোগ্যতা অর্জন করেন মনু ভাকের। প্রিশিশন রাউন্ডে ২৯.৪ এবং ব্যাপিড রাউন্ডে ২৯.৬। সব মিলিয়ে ৫৯.০ স্কোর মনু ভাকেরের। হাঙ্গেরির প্রতিপক্ষ সব মিলিয়ে ৫৯.২ পয়েন্ট তুলেছেন। প্যারিস অলিম্পিকে এখনও অবধি তিনটি পদক এসেছে ভারতের বুলিতে। তিনটিই শুটিংয়ে। মনু ভাকের ব্যক্তিগত এবং টিম ইভেন্টে মিলিয়ে দুটি ব্রোঞ্জ। এ ছাড়াও পুরুষদের ৫০ মিটার রাইফেল থ্রি-পিতে ব্রোঞ্জ এনেছেন স্বপ্নিল কুসালো। মনু ভাকের যে ছন্দে রয়েছে, তাতে হ্যাটট্রিকের সম্ভাবনা প্রবল। হয়তো পদকের রং বদলাতেও পারে।

## অলিম্পিকে অসুস্থ হয়ে লুটিয়ে পড়লেন স্লোভাক সাতারু

প্যারিস, ২ আগস্টঃ অলিম্পিকে এ বার ঘটনার ঘনঘটা। একের পর এক ঘটনা, বিতর্ক চলছে। এখনও অলিম্পিক শেষ হতে এখনও বেশ কয়েকদিন সময় বাকি। এ বার দুর্ঘটনার হাত থেকে স্লোভাকিয়ার এক সাতারু। মেয়েদের ব্যক্তিগত ২০০ মিটার সাতারে হিট শেষের পরই অসুস্থ হয়ে পড়েন স্লোভাকিয়ার সাতারু তামারা পোতোকা। তাঁর চোখমুখ দেখেই বোঝা যায় যে গুরুতর অসুস্থ হয়ে পড়েছেন। সঙ্গে সঙ্গে মাটিতে লুটিয়ে পড়েন স্লোভাকিয়ার সাতারু। ছুটে আসে মেডিক্যাল টিম। প্যারিসের লা ডিফেন্স এরিয়াতে ঘটনাটি ঘটে। হিটে সাত নম্বরের শেষ করেন পোতোকা। ২০০ মিটার পার করতে সময় নেন ২ মিনিট ১৪.২০ সেকেন্ড। সেমিফাইনালে যেতে পারেননি স্লোভাকিয়ার সাতারু।

## ‘শরীর আর মানসিক শক্তির জন্য ছোট বিরতি লাগবে’ অলিম্পিক্স থেকে ছিটকে গিয়ে ভবিষ্যতের কথা সিন্ধুর

প্যারিস, ২ আগস্টঃ প্যারিস অলিম্পিক্সের ব্যাডমিন্টনের প্রি-কোয়ার্টার ফাইনাল থেকে ছিটকে গেছেন ভারতের পিভি সিন্ধু। রিও অলিম্পিক্সের রৌপ্য পদক এবং টোকিও অলিম্পিক্সের ব্রোঞ্জ পদক প্রাপক সিন্ধুর এই বিলম্ব মেনে নিতে পারেনি তাঁর ভক্তরা। ২৯ বছর বয়স, কিন্তু প্রথম দিকে কয়েকটা ম্যাচে বিপুলমাত্র রিফ্রেস সমস্যা হয়নি। কিন্তু হঠাৎই আসল সময় সমস্যা হল সিন্ধু। প্রি-কোয়ার্টারে একাধিক ভুল শট সিলেকশন এবং আনফোর্সড এররের জন্য ম্যাচ হাতছাড়া করেন তিনি, সেই সঙ্গে পদক জয়ের সম্ভাবনা জলে চলে যায়। তবে ভারতীয়দের মধ্যে সিন্ধুই ছিলেন এবারে ব্যাডমিন্টনে ভারতের সেরা সম্ভাবনাময় প্রতিযোগী। ধরেই নেওয়া হয়েছিল, অলিম্পিক্সে তিনি একটি পদক আনবেনই, কিন্তু সেটা হয় হয়ে ওঠে



নি চিনা প্রতিদ্বন্দ্বি হি বি জিয়াওর কাছে হেরে যাওয়ায়। হায়দরাবাদের মেয়ে সিন্ধুর বর্তমান বয়স ২৯। ২০২৮ লস অ্যাঞ্জেলেস অলিম্পিক্সের সময় তাঁর বয়স হবে ৩৩। সেই বয়সে গিয়েও একইরকম ফিটনেস ধরে রাখা ব্যাডমিন্টনে যথেষ্ট কঠিন। খেলতে পারলেও তিনি তখনও ফেভারিট হিসেবে নামবেন কিনা সেই নিয়ে প্রশ্ন রয়েছে। এরই মধ্যে প্যারিস অলিম্পিক্স থেকে সিন্ধু বিদায়ের পরই উঠে এসেছে অগ্রীয় প্রমুখা, খেলা চালিয়ে যাবেন তো তিনি? এরই পাশ্চাৎ উত্তর এবার সমাজমাধ্যমে জানিয়ে দিলেন তারকা শটলার। নিজের এক হ্যাডেলে পোস্ট করে সিন্ধু জানিয়েছেন, খেলা ছাড়ছেন না তিনি। রাজার ফেডেরার, লিয়েন্ডার পেজেরা

বারে বারে প্রমাণ করেছেন বয়স ফ্রেফ সংখ্যা মাত্র, সচিন তেন্ডুলকার দেখিয়েছেন স্বপ্নকে তাড়া করতে জানলে, স্বপ্ন সত্যি করাও যায়। সিন্ধুও হাটছেন সেই পথেই। অলিম্পিক্স পদক জয়ের হ্যাটট্রিক যে তিনি ২০২৮ অলিম্পিক্সে করতে চান, সেটা নিজের পোস্টের মাধ্যমেই বুধিয়ে দিলেন পিভি। স্পষ্ট করে সিন্ধু বলেছেন, “আমি আমার ভবিষ্যতের বিষয় একটা জিনিস পরিষ্কারভাবে বলতে চাই, আমি খেলা চালিয়ে যাব একটা ছোট বিরতির পর। আমার শরীর আর আমার মানসিক শক্তির জন্য এই বিরতির প্রয়োজন। আমি আগামী দিনে সতর্কভাবে নিজের যাত্রাপথকে বিচার করব এবং যেই খেলোকে আমি এত ভালোবাসি, সেখান থেকে আরও আনন্দ বুড়িয়ে নেওয়ার চেষ্টা করব।” পিভি সিন্ধু বলছেন, “একটা সুন্দর যাত্রা কিন্তু দূর্ভাগ্যজনক হার। এই হারটা আমার কেরিয়ারের অন্যতম কঠিন হার। এটা তুলতে সময় লাগবে। জীবন যেভাবে এগিয়ে চলে, আমি জানি এটাও সেভাবে এগিয়ে যাবে। প্যারিসে আমার যাত্রাটা অত্যন্ত কঠিন ছিল, কারণ দুবছর চোটের জন্য ডুগেছি, দীর্ঘদিন খেলা থেকে দূরে থেকেছি। কিন্তু সব প্রতিকূলতা ছাপিয়েও দেশের জন্য প্রতিনিধিত্ব করা তৃতীয় অলিম্পিক্সে সত্যি আশা তৃপ্ত করে। আমি অত্যন্ত সৌভাগ্যবোধ করছি এমন পর্যায়ে খেলতে পেরে, আর উত্তীর্ণ প্রজন্মকে উদ্বুদ্ধ করতে পেরে। খারাপ সময় তোমাদের বার্তা আমায় শক্তি জুগিয়েছে। আমি এবং আমার দল প্যারিসে নিজস্বের সেরাটা দিয়েছি বলে কোনও আক্ষেপ রাখছি না।”

আগস্ট সংখ্যা

সুচিকিৎসা

২৬ বর্ষ • নবম সংখ্যা • ১ আগস্ট ২০২৪

নানান  
রোগের  
নানা পথ্য

- ঋষিকিডনি ডিজিজ ও ডায়ালিসিস
- COPD-তে হাসপাতাল যেন দ্বিতীয় বাড়ি না হয়
- “অবসাদ” - ভাস্কর্য কথার শুরু করি
- ভালভ সার্জারি
- ৪০-এর নিচে হাট আটক
- আলি র্টেজে আটক করুন ব্রেস্ট ক্যান্সারকে
- হার্টের স্বাস্থ্য ভালো রাখতে খাদ্যতালিক
- শরীরের রক্তের কাজ বজায় রাখতে খাদ্যতালিক
- থাইরয়েড হরমোন সমস্যা প্রতিরোধে খাদ্যতালিক
- হৃকের সুস্থতা রাখাডায়াস

সুচিকিৎসা  
এখন অনলাইনে পড়তে  
পাশের কোডটি স্ক্যান করুন

দুরন্ত প্রকাশন গ্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক ও মুদ্রক অলোক কুমার নন্দর কর্তৃক সত্যজু এমপ্লয়ীজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নন্দর

Printed & Published by Alok Kumar Naskar on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Profulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Alok Kumar Naskar E-mail: dailydurantabarta@gmail.com